রাওয়ালপিন্ডি
তাং ২৮/৯/৬৩ ইং

প্রিয় মুছা সাহেব,
আমার ~~[illegible]~~ ছালাম নিবেন,

গত বৎসর আপনারা মেহেরবানী করে আমাকে পাকিস্তান জাতীয় পরিষদের সদস্য-নির্বাচিত করেছিলেন, যদিও আপনারা আমাকে তিন বৎসরের জন্য নির্বাচিত করেছিলেন কিন্তু দুঃখের বিষয় গত জুন মাসে পাকিস্তান সুপ্রিম কোর্টের রায় মোতাবেক আমি পাকিস্তান গভর্নমেন্টের মন্ত্রি পদে অধিষ্ঠিত থাকায় আমার জাতীয় পরিষদের সদস্য পদ বাতিল হয়ে যায়। আপনাদের প্রতিনিধি হিসাবে এবং পাকিস্তান গভর্নমেন্টের মন্ত্রিপদে অধিষ্ঠিত-থাকাকালিন পরম দয়াময়ের অনুগ্রহে জাতিধর্ম নির্বিশেষে দেশের সেবা করার চেষ্টা করেছি

আমার মন্ত্রি থাকা অবস্থায় চট্টগ্রামের জন্যে সাড়ে তিন কোটি টাকা ব্যয়ে কারিগরি বিদ্যালয় (পলিটেকনিক ইনস্টিটিউট), সাড়ে তিন কোটি টাকা ব্যয়ে ইঞ্জিনিয়ারিং কলেজ মঞ্জুর হয়েছে, এতদব্যতীত পাঁচ কোটি টাকা ব্যয়ে মৎস্য বন্দর (ফিসিংহারবার) স্থাপনের পরিকল্পনা মঞ্জুরির হতে চলেছে।

আপনি শুনে সুখী হবেন দয়াময়ের কৃপায় প্রদেশের তৃতীয় বিশ্ববিদ্যালয় চট্টগ্রামেই স্থাপিত হবে। পাকিস্তান গভর্নমেন্টের শিক্ষা মন্ত্রি হিসাবে গত জুন মাসে জাতীয়-পরিষদে আমি সুস্পষ্ট ভাবে ঘোষণা করেছি। আশা করি চট্টগ্রামের ঘূর্ণিবাত্যা ও জলপ্লাবনে দুর্দশাগ্রস্থ ভাইদের জন্য আমার সেবা আপনাদেরকে নিরাশ করেনি। আপনাদের প্রতিনিধি হিসাবে দেশ বিদেশে দেশের কতটুকু সম্মান বাড়াতে পেরেছি তার বিচার-আপনাদেরই উপর।

করুনাময়ের নাম স্মরন করে এবারও আসন্ন জাতীয় পরিষদের উপনির্বাচনে-আমি প্রার্থী হয়েছি। চিরদিন আপনার ~~আশির্বাদ~~ দোয়া ও সমর্থন পেয়েছি। এবারও আশা করি আপনার ~~আশির্বাদ~~ দোয়া ও সমর্থন থেকে বঞ্চিত হইবনা।

পরম করুনাময়ের ~~আশির্বাদ~~ রহমত আপনার উপর বর্ষিত হউক।

আপনারই চির-পরিচিত খাদেম,

এ, কে, এম, ফজলুল কাদের চৌধুরী